**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল তেল ও গ্যাস কূপ থেকে মিথেন নিঃসরণ হ্রাস করতে মুদ্রাস্ফীতি হ্রাস আইনের অধীনে নিউ ইয়র্ক স্টেটের ৪ মিলিয়ন মার্কিন ডলার প্রাপ্তির ঘোষণা করলেন

### *তহবিলটি মিথেন নিঃসরণ হ্রাস করতে এবং ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠের পানি সংরক্ষণ করতে নিউ ইয়র্কের চলমান প্রয়াসসমূহকে বলীয়ান করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সংরক্ষণ এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং শক্তি বিভাগ (Department of Energy, DOE) মিথেন নিঃসরণ হ্রাস কর্মসূচি (Methane Emissions Reduction Program) থেকে নিউ ইয়র্ক স্টেটকে ৪ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। মুদ্রাস্ফীতি হ্রাস আইনের (Inflation Reduction Act) অন্তর্ভুক্ত এই তহবিল তেল ও গ্যাস অবকাঠামো থেকে জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করার জন্য, এবং সেই সাথে ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠের পানি সংরক্ষণ করার জন্য নিউ ইয়র্কের চলমান প্রয়াসকে বলীয়ান করবে।

"নিউ ইয়র্কবাসীরা পুরো স্টেটেই জলবায়ু পরিবর্তনের প্রভাব অনুভব করছে, এবং তার সাড়াদান করতে আমরা সাহসী পদক্ষেপ গ্রহণ করছি এবং রেকর্ড পরিমাণ স্টেট ও ফেডারেল সংস্থান দিয়ে আরো বলীয়ান, আরো স্থিতিস্থাপক নিউ ইয়র্ক গঠন করছি," **গভর্নর হোকল বলেন।** "বাইডেন-হ্যারিস প্রশাসন এবং আমাদের ফেডারেল অংশীদারগণ মিথেন নিঃসরণ হ্রাস কর্মসূচির মাধ্যমে ক্ষতিকর গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার গুরুত্ব অনুধাবন করছেন, এবং বিদ্যমান জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট অস্তিত্বের প্রতি হুমকিকে সামনে থেকে মোকাবেলা করতে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে বলীয়ান করছে।"

**সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন,** "সাউদার্ন টিয়ার ও সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে শুরু করে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস পর্যন্ত, আপস্টেট নিউ ইয়র্ক বহুদিন ধরে পরিত্যক্ত তেল ও গ্যাস কূপ সৃষ্ট লুকায়িত বিপদ দ্বারা জর্জরিত হয়ে আসছে যা আমাদের প্রাঙ্গণ, খাওয়ার পানির উৎসকে দূষিত করে, এবং জলবায়ু পরিবর্তনের অবনতি করে। এখন, আমি যেই মুদ্রাস্ফীতি হ্রাস আইনের পক্ষে কাজ করেছি, তার ফলে নিউ ইয়র্ক এইসব কূপ থেকে হানিকর মিথেন দূষণ হ্রাস করতে ৪ মিলিয়ন মার্কিন ডলার পাবে। জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে সাহায্য করার জন্য এবং আপস্টেট নিউ ইয়র্কে জীবাশ্ম জ্বালানি শিল্পখাতের দূষণকারী অবশিষ্টাংশ পরিষ্কার করার সম্পূর্ণ আর্থিক চাপ যাতে মিউনিসিপ্যালিটিসমূহকে না নিতে হয় তা নিশ্চিত করতে এই মুখ্য ফেডারেল বিনিয়োগ প্রদান করতে পেরে আমি গর্বিত।"

**সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,** "জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে লড়াই করার জন্য মিথেন নিঃসরণ হ্রাস করা অত্যাবশ্যকীয়। তেল ও গ্যাস খাতে মিথেন নিঃসরণ হ্রাস করতে এবং অগণিত নিউ ইয়র্কবাসীর জন্য পানির মান সুরক্ষিত করতে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রয়াসকে বলীয়ান করতে এই ফেডারেল তহবিলটি সাহায্য করবে। এই ফেডারেল তহবিলটি যে নিউ ইয়র্কবাসীর জন্য আরো পরিচ্ছন্ন পরিবেশ তৈরি করতে যাচ্ছে তা দেখে আমি গর্বিত এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করার জন্য আরো ফেডারেল মার্কিন ডলার নিয়ে আসতে আমি লড়াই চালিয়ে যাবো।"

**মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের জীবাশ্ম শক্তি ও কার্বন ব্যবস্থাপনার সহকারী সচিব ব্র্যাড ক্র্যাবট্রি বলেন,** "গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার ক্ষেত্রে দেশব্যাপী প্রয়াসে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিচ্ছে। রাষ্ট্রপতি বাইডেনের আমেরিকায় বিনিয়োগের কারণে, নিউ ইয়র্কের মতো স্টেটসমূহ ক্ষতিকর দূষণ কমাতে আরো কাজ করতে পারে এবং জলবায়ু পরিবর্তনের বিধ্বংসী প্রভাবের গতি ধীর করতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে পারে।"

**মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সংরক্ষণ এজেন্সি অঞ্চল 2 এর প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন,** "তেল ও গ্যাস কূপ থেকে মিথেন নিঃসরণ হ্রাস করে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করার ক্ষেত্রে নিউ ইয়র্ক শীর্ষস্থানে আছে। ইতিহাসের সর্ববৃহৎ ফেডারেল জলবায়ু বিনিয়োগ, মুদ্রাস্ফীতি হ্রাস আইনের কারণে পাওয়া এই 8 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলটি গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস ও আমাদের অত্যাবশ্যকীয় পানির সংস্থানকে সুরক্ষিত রাখতে EPA ও নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতি প্রদর্শন করে। তেল ও গ্যাস কূপ প্লাগ করার মাধ্যমে এবং মিথেন লিক প্রতিরোধ করার মাধ্যমে, আমরা দূষণের একটি প্রধান উৎস নির্মূল করছি এবং সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তাকে সুরক্ষিত রাখছি।"

ব্যক্তিগত জমির মালিককে পরিচালক হিসেবে চিহ্নিত করা আছে এমন কূপের উপর গুরুত্ব প্রদান করে, কূপসমূহকে প্লাগ করতে স্টেট কাজ করছে, তাই তেল ও গ্যাস খাত থেকে মিথেন নিঃসরণ পর্যবেক্ষণ ও হ্রাস করতে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) প্রয়াসকে অগ্রসর করতে এই 8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল ব্যবহার করা হবে। তহবিল হলো 14টি স্টেটকে প্রদত্ত 350 মিলিয়ন মার্কিন ডলারের অংশ যা জলবায়ু পরিবর্তনের সবথেকে বড় চালকদের একটি, মিথেন নিঃসরণ পরিমাপ ও হ্রাস করতে সাহায্য করবে। ইতিহাসের সর্ববৃহৎ ফেডারেল জলবায়ু বিনিয়োগ, রাষ্ট্রপতি বাইডেনের মুদ্রাস্ফীতি হ্রাস আইনের দ্বারা সম্ভব হওয়া, এই তহবিলটি নিউ ইয়র্ক এবং অন্যান্য স্টেটকে সক্রিয় কূপ থেকে মিথেন নিঃসরণ হ্রাস করার ক্ষেত্রে শিল্পখাতের প্রয়াসকে সাহায্য করতে দিবে এবং কূপের সাইটের পরিবেশ সংক্রান্ত পুনঃস্থাপন সমর্থন করতে সাহায্য করবে।

এছাড়াও মিথেন নিঃসরণ হ্রাস কর্মসূচিটি নিউ ইয়র্ককে কারিগরি ও আর্থিক সহায়তার একটি সম্মিলন প্রদান করে যা কূপের মালিক ও পরিচালকদেরকে নিজ থেকে কম উৎপাদনকারী গতানুগতিক তেল ও গ্যাস কূপ থেকে মিথেন নিঃসরণ সনাক্ত ও নির্মূল করতে সাহায্য করবে, এগুলি অসামঞ্জস্যপূর্ণভাবে উচ্চ মাত্রার মিথেন নিঃসরণকারী প্রান্তিক গতানুগতিক কূপ নামেও পরিচিত।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীনে, এবং আমাদের ফেডারেল অংশীদারদের সাহায্য নিয়ে, নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তিতে ন্যায্য স্থানান্তরে অগ্রসর হচ্ছে যা ভালো চাকরি তৈরি করছে এবং ভবিষ্যতের সবুজ অর্থনীতিকে সমর্থন করছে। জলবায়ু আইন বাস্তবায়ন করা এবং আমাদের নিঃসরণ হ্রাস মাইলফলকে পৌঁছানোর ক্ষেত্রে নিউ ইয়র্কের অগ্রগতির জন্য তেল ও গ্যাস খাত থেকে মিথেন হ্রাস করা অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কের চলমান মিথেন হ্রাস উদ্যোগসমূহে উল্লেখযোগ্য ৪ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য রাষ্ট্রপতি বাইডেন, EPA প্রশাসক রিগ্যান এবং আঞ্চলিক প্রশাসক গার্সিয়া, DOE সচিব গ্র্যানহোমকে DEC ধন্যবাদ জানাচ্ছে।"

আজকে ঘোষিত ফেডারেল তহবিলটি মিথেন ও অন্যান্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে নিউ ইয়র্কের গৃহীত বহু পদক্ষেপের সম্পূরক। 2022 সালে, গভর্নর হোকল চূড়ান্ত প্রবিধান ঘোষণা করেন যা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটের সকল তেল ও প্রাকৃতিক গ্যাস অবকাঠামো থেকে মিথেন ও অন্যান্য ক্ষতিকর নিঃসরণ উল্লেখজনকভাবে হ্রাস করা আবশ্যিক হয়। প্রতিবছর 14,000 মেট্রিক টনের বেশি মিথেন নিঃসরণ হ্রাস করা এবং প্রতি বছর 2,000 টনের বেশি বিক্রিয়াশীল জৈব যৌগ নিঃসরণ হ্রাস করার জন্য স্টেটের দেশসেরা পরিচ্ছন্ন শক্তি ও জলবায়ু এজেন্ডা বাস্তবায়ন করার জন্য এই প্রবিধানটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক ছিলো। পাশাপাশি, 2020 সালের প্রবিধান সীমা স্থাপন করে যা 2030 সালের মধ্যে স্টেটব্যাপী মিথেন ও অন্যান্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 40 শতাংশ হ্রাস, 2050 সালের মধ্যে 85 শতাংশ হ্রাস আবশ্যিক করে, যার মধ্যে আমদানিকৃত বিদ্যুৎ ও জীবাশ্ম জ্বালানির সাথে সংশ্লিষ্ট নিঃসরণ রয়েছে।

এর আগে এই বছর গভর্নর হোকল প্রথম গ্যাস কূপের নিরাপদ প্লাগ হওয়ার ঘোষণা করেছেন যা ল্যান্ডমার্ক দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের প্রাপ্ত 25 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদানের মাধ্যমে সম্ভব হয়েছে। জননিরাপত্তা রক্ষা করতে, মিথেন এবং অন্যান্য জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করার জন্য বয়িষ্ণু ও পরিত্যক্ত তেল ও প্রাকৃতিক গ্যাস কূপ প্লাগ করতে জমির মালিকদের সাথে নিউ ইয়র্ক কাজ করছে।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের নজিরবিহীন বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 118টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 52 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি NY গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি।

এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###


আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন